



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

#### নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. রাশেদা আখতার জাবি ট্রেজারার নিযুক্ত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১০ আগস্ট ২০২১।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর ১৪ এর (১) ধারা অনুযায়ী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. রাশেদা আখতার-কে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে নিয়োগ প্রদান করেছেন। তাঁর কার্যকাল হবে চার বছর। মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব মো. মাহমুদুল আলম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে আজ এ তথ্য জানানো হয়।

অধ্যাপক ড. রাশেদা আখতার ১৯৮৮ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগে প্রভাষক পদে যোগদানের মাধ্যমে তাঁর শিক্ষকতা জীবন শুরু করেন। শিক্ষা, গবেষণা এবং প্রশাসনিক দায়িত্ব পালনের অভিজ্ঞতা সম্পন্ন অধ্যাপক ড. রাশেদা আখতার নৃবিজ্ঞান বিভাগের সভাপতি, সমাজবিজ্ঞান ও আইন অনুষদের ডিন, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের পরিচালক, মহামান্য হাইকোর্টের আদেশের আলোকে গঠিত যৌন নিপীড়ন প্রতিরোধ সেলের সভাপতি, শিক্ষক সমিতির সদস্য, সহ-সভাপতি এবং ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রথম নারী ট্রেজারার হিসেবে নিযুক্তির এক প্রতিক্রিয়ায় অধ্যাপক ড. রাশেদা আখতার বলেন, ট্রেজারার হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তিনি নিয়ম-নীতি অনুসরণের ওপর বিশেষ গুরুত্ব দেবেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা এবং উন্নয়ন কর্মকাণ্ডে তিনি অবদান রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

